# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ

শাজাহানপুর, বগুড়া ।

২৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ; সকাল ১০.৩০টা

---

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান । অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান । উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয় ।

| ক্র.ন. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের এডিপি ও রাজস্ব উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা প্রকল্প যাচাই-বাছাইপূর্বক দ্রুত অনুমোদন হওয়া প্রয়োজন । তিনি 'উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪' এর ০৬ নং অনুচ্ছেদের উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারি বিভাজনের আলোকে প্রকল্প বাছাইয়ের নিমিত্তে অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প দাখিলের জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান । | ০১ । নিয়মিত এডিপি ও রাজস্ব, উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিল দ্বারা জনগুরুত্বপূর্ণ ও অগ্রাধিকারমূলক প্রকল্প দাখিল করা করতে হবে ।<br>০২ । উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ এর ০৬ নং অনুচ্ছেদের উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারি বিভাজনের আলোকে অর্থ বিভাজন করতে হবে । | ১ । উপজেলা নির্বাহী অফিসার<br>২ । উপজেলা প্রকৌলশী |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে গণটিকাদান কর্মসূচি যথাযথভাবে চলছে । করোনা টিকা নিবন্ধনের মাধ্যমে ষাটোর্ধ্ব বয়সী নারী-পুরুষ, গর্ভবতি মহিলা, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারি, শিক্ষার্থী ও দুগ্ধদানকারি মায়েদের সুরক্ষা নিশ্চিত করতে অগ্রাধিকার ভিত্তিক টিকা প্রদান কার্যক্রম অব্যহত রয়েছে । তবে অনলাইনে যারা নিবন্ধন করতে পারবেন না এমন ব্যক্তিরা জাতীয় পরিচয়পত্র দেখিয়ে কেন্দ্রেই নিবন্ধন করে টিকা নিতে পারবেন । তিনি এ বিষয়ে ব্যপক প্রচার ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাদের মাধ্যমে নিবন্ধন বাড়ানোর জন্য ইউপি চেয়ারম্যানগণ ও উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান । | ১ । টিকা রেজিস্ট্রেশন কার্যক্রম বাড়াতে হবে ।<br>২ । স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও করোনা ভাইরাস প্রতিরোধে চিকিৎসকদের আন্তরিকভাবে কাজ করতে হবে । | ১ । ইউপি চেয়ারম্যান (সকল)<br>২ । উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ২০২১-২০২২ খরিপ-২ মৌসুমে রোপা ১৩১১০ হেঃ জমিতে অর্জিত হয়েছে । এ মৌসুমে বৃষ্টির পরিমাণ বেশি হওয়ায় রোপা আমন আবাদের ফলন ভালো হয়েছে । ২০২১-২০২২ সালের খরিপ-১ মৌসুমে | ০১ । রবি মৌসুমে নির্বিঘ্নে ফসল উৎপাদন সম্পন্ন করার লক্ষ্যে কৃষক পর্যায়ে সার সরবরাহ যেন সঠিকভাবে হয় সে জন্য মনিটরিং ব্যবস্থা | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। ২০২১-২০২২ সালের খরিপ-১ মৌসুমে বিভিন্ন ধরণের শাকসবজি চাষ করা হয়েছে। তিনি আরও জানান, চলতি রবি মৌসুমে ইউরিয়া ও নন-ইউরিয়া (টিএসপি, এমওপি, ডিএপি) সার সরবরাহ ও মজুদ সন্তোষজনক। কৃষক পর্যায়ে মানসম্মত সার সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে ডিলাররা যেন বিক্রি না করে তা নিশ্চিত করতে জনপ্রতিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | সে জন্য মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ০২। সরকার নির্ধারিত মূল্যে যাতে সার বিক্রয় হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। | |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, গবাদিপ্রাণির চিকিৎসনা ও ভ্যাকসিনেশন কার্যক্রম রয়েছে। নিরাপদ মাংস, দুধ ও ডিম উৎপাদনের লক্ষ্যে পোল্ট্রি ও ডেইরী খামার নিয়মিত পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। এ বিষয়ে জনসচেতনতা বাড়ানোর জন্য সভায় জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ জানান। বিভাগীয় কার্যক্রম ঃ (১) টিকাদান-ক) গবাদিপ্রাণি- ৩৫৭২ টি। পোল্ট্রি- ৫৪,২০০টি (২) চিকিৎসা (ক) গবাদি প্রাণি-১২৭৪টি (খ) পোল্ট্রি- ৯২৮২টি এবং (৩) কৃত্রিম প্রজনন-১৪০৭টি। পরিশেষে তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | আসন্ন শীত মৌসুমে হাস মুরগি ও গবাদি পশুর রোগ ব্যাধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুমে "মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১" গত ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে। সে অনুযায়ি ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২ দিন এ উপজেলায় ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় কার্যক্রম হতে বিরত থাকার বিষয়ে বহুল প্রচারের জন্য সম্মানিত জনপ্রতিনিধিসহ উপস্থিত সকলকে অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। | ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২ দিন এ উপজেলায় ইলিশ পরিবহন মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় কেউ যেন না করতে পারে সেটি নিশ্চিত করতে হবে। এবং মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, শাজাহানপুর, বগুড়া। |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, বিদ্যালয়সমূহ আগামি ২০ তারিখ পর্যন্ত বন্ধ রয়েছে ২১ তারিখ হতে ক্লাস শুরু হবে। প্রতিদিনের উপস্থিতি অনলাইনে এন্ট্রি দেয়া হয়। সকল বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। সরকারিভাবে বামুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করা করা হয়েছে। তিনি আরও জানান, সকল বিদ্যালয়ে School Management Comittee (SMC) আগামী ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা দেয়া হয়েছে। তিনি আরও জানান, এ উপজেলায় ৩০০ জন শিক্ষার্থী শিশুশ্রমে নিয়োজিত আছে। ঝরে পড়া শিক্ষার্থীর হার ৬%। তাদের জন্য এনজিও কর্তৃক ব্যবস্থা নেয়া হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। | ০১। করোনা ভাইরাস প্রতিরোধে বিদ্যালয়গুলোতে জীবাণুমুক্তকরণ ও সুরক্ষা সামগ্রী সংরক্ষণ ও যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। ০২। ঝরে পড়া শিক্ষার্থী ও শিশুশ্রমে নিয়োজিত শিক্ষার্থীদের বিদ্যালয়মূখী করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ০১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ০২। সহকারি উপজেলা শিক্ষা অফিসার। ০৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, গত ১৩ অক্টোবর ২০২১ তারিখের ৪১.০১.০০০.০৮৬.১৮. ০১৩.২০.২৬৭ স্মারক পত্রের আলোকে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় প্রান্তিক জনগোষ্ঠীর ১০টি পেশা যথা কামার, কুমার, নাপিত, বাঁশ ও বেতপণ্য প্রস্তুতকারক, কাঁসা/ পিতলপণ্য প্রস্তুতকারক, জুতা মেরামতকার, লোকজ যন্ত্র (একতারা, দোতরা, বাঁশি, মন্দিরা) লোকজ শিল্পী (বাউল, গম্ভীরা, কীর্তন, ঢপ, ভাষান/জারি, নকশীকাঁথা শিল্প, শীতল পাটি, শতরঞ্চি এর অনলাইনর জরিপ আগামী ৩১ অক্টোবর ২০২১ এর মতে সম্পন্ন করার নির্দেশনা দিয়েছেন। উক্ত নির্দেশনা অনুযায়ী তার দপ্তরের কর্মচারিরা সরেজমিনে গিয়ে এই ১০ পেশার মানুষের জরিপ কাজ সম্পন্ন করবেন। জরিপ কাজে সার্বিক সহায়তা প্রদানের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণের প্রতি সহযোগীতা কামনা করেন। | সরেজমিনে গিয়ে আগামী ৩১ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে জরিপ কাজ সম্পন্ন করবেন। | সমাজ সেবা অফিসার |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরও জানান, আড়িয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অধিগ্রহনের জন্য প্রস্তাবিত সীমানা প্রাচীর ও হাসপাতাল ভবনের অংশবিশেষ (আসবাবপত্র, ইলেকট্রিক যন্ত্রপাতি যেমন ফ্যান, লাইট, সাবমার্সিবল পাম্প প্রকাশ্য নিলাম ডাক আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, বগুড়া মহোদয়ের কার্যালয়ে বেলা ১১.০০ টায় অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে ক্রয় ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলামে অংশগ্রহণ করতে পারবেন। তিনি বিষটি প্রচারের জন্য ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগনের প্রতি অনুরোধ জানান এবং পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। পরিবার পরিকল্পনা গ্রহণকারি মোট সক্ষম দম্পতি- ৮১,২০৬, মোট গ্রহণকারি- ৬৭১২৪, গ্রহণকারির হার ৮২.৬৬%। | পরিবার পরিকল্পনা বিভাগের মানসম্মত সেবা নিশ্চিতকরণে এ বিভাগকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, আগামী ১৪ নভেম্বর ২০২১ হতে দেশব্যাপি এসএসসি, দাখিল ও সমমানের পাবলিক পরীক্ষা শুরু হবে। কোভিড-১৯ এর কারণে এ বছর পরীক্ষার সময় ও নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে। তিনি সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্ন করতে উপস্থিত সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন। | স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষা কেন্দ্রসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, জীবাণুমুক্তকরণ ও সুরক্ষা সামগ্রী ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের সেপ্টেম্বর ২০২১ মাসের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। মহিলাদের আয়বর্ধক প্রকল্প (আইজিএ) প্রশিক্ষণ কার্যক্রম ও কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্যে দিয়ে কিশোর কিশোরীদের সম্পর্ককে সূদৃঢ় করার মাধ্যমে সমাজে | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের মানসম্মত সেবা নিশ্চিতকরণে এ বিভাগকে সচেতন থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইতিবাচক পরিবর্তন আনয়ন করার লক্ষে শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ক্লাবের কার্যক্রম ত্বরান্বিত করতে নিয়মিত তদরকি করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান। | | |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১১১টি প্রাথমিক এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষমাত্রা অনুযায়ি অক্টোবর/২১ মাসে ৫৩টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য সম্পন্ন হয়েছে। একটি আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পের ৩২ জন সদস্যকে ৪,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ বর্ষের অডিট ফি ৫৯৭০/- এবং সিডিএফ ১৮৬০/-, যা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। চলতি মাসে পর্যন্ত ঋণের আসল আদায় ১,৯৮,৫০৯/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪০,০০০/- টাকা। তিনি আরও জানান, ইনোভেটিভ আইডিয়া হিসাবে সামাজিক নিরাপত্তা ও হোম সার্ভিসের মাধ্যমে সমিতির টেকসই উন্নয়ন নামে সেফ সঞ্চয় ও ঋণদান সমবায় সতিমিতে ইনোভেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে, যা চলমান রয়েছে। তাছাড়া সমিতিতে ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম প্রতি ৩ মাসে পরপর সম্পাদন করা হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | আশ্রায়ন প্রকল্পের সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষন কর্যক্রম এবং প্রশিক্ষণ পরবর্তি প্রয়োজনীয় সহযোগীতা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম পর্যায়ের নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল, গম ও নগদ অর্থ) উপ বরাদ্দ পাওয়া গেছে। তিনি বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প তালিকা প্রেরনের জন্য উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি আহব্বান জানান এবং তার দাপ্তরিক কার্যক্রমসহ জনস্বার্থে সকল কার্মকান্ডে উপস্থিত সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের বরাদ্দকৃত অর্থ দ্বারা দ্রুত প্রকল্প বাস্তবায়নের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অবহিত করেন, প্রতিবছরের ন্যায় এবারও ০১ নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবস উদযাপিত হবে। শাজাহানপুর উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে র‍্যালী, আলোচনা সভা, ঋণের চেক বিতরণ, গাছের চারা বিতরণ ও সনদ পত্র বিতরণের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার জন্য উপজেলা পরিষদ তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।<br>তিনি আরও জানান, চলতি অর্থ বছরে ইমপ্যাক্ট প্রকল্প ফেজ-২ এর আওতায় বায়োগ্যাস প্লান্টের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্লান্ট বাস্তবায়ন ও যুব ঋণ কার্যক্রম অব্যহত রয়েছে। ইমপ্যাক্ট প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় একটি অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প। তিনি বায়োগ্যাস প্লান্টের সুফল জনগনের | ০১। যুব প্রশিক্ষণ ও ঋণ কর্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে।<br>০২। যুব দিবস ২০২১ যথাযথভাবে পালনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মধ্যে পৌছে দেয়ার জন্য উপস্থিত সকল সুধীজনকে অনুরোধ জানানো হয়। | | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প থেকে অক্টোবর ২০২১ মাসে সঞ্চয় আদায় ৩০,০০০/- টাকা, ঋণ আদায় ১৪,৮২,০০০/- টাকা এবং ঋণ বিতরণ হয়েছে ১৬,৬৯,০০০/- টাকা ২০২০-২০২১ অর্থ বছরে সঞ্চয় আদায় ১,৮৭,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৩৯,৬৮,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৫৩,২৪,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫,৮১,৮৫,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৪,৭১,৫৮,০০০/- টাকা শেয়ার আমানত ৩,৪৫,০০০/- টাকা এবং সঞ্চয় আমানত ৩৮,০০০/- টাকা। তিনি আরও জানান, তার দপ্তরের বিভিন্ন প্রকল্পের ৩৪,৮২,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় রয়েছে। টাকা আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। উক্ত অর্থ আদায়ে উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধিসহ সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ০১। সফলভাবে পরিচালনার জন্য সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>০২। খেলাপি ঋণ আদায়ের জন্য জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সদস্য সচিব উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, যে সব এলাকার ভূগর্ভস্থ পানিতে আয়রন এবং আর্সেনিকের মাত্রার পরিমান সহনীয় মাত্রার অধিক সেসব এলাকায় নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম ও কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন প্রকল্পের ১৮টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২০২২ অর্থ বছরে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি করে মোট ২৩৪টি বরাদ্দকৃত নলকূপের বিভাজন সম্পর্কে আলোচনা করেন এবং নলকূপ বিভাজন নীতিমালা অনুযায়ী "ওয়াটসান কমিটি" কর্তৃক বিভাজনের সুপারিশ গ্রহণ করতে হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। | ০১। রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম ও কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপনসহ সকল বরাদ্দকৃত নলকূপ স্থাপনের জন্য সরকারি নীতিমালার আলোকে ইউনিয়ন ওয়াটসান কমিটি ও উপজেলা ওয়াটসান কমিটির সুপারিশ সিদ্ধান্ত মোতাবেক বিভাজন ও স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ১৭ | বিবিধ-০২ | চেয়ারম্যান, আড়িয় ইউপি অবহিত করেন, মোঃ রেজওয়ান প্রাং, পিতা- ইউনুস আলী প্রাং, গ্রাম- মানিকদিপা, ইউপি- আড়িয়া, উপজেলা- শাজাহানপুর,বগুড়ার একমাত্র মেয়ে মোছাঃ নুপুর আকতার, বয়স ০৮ বছর। সে শারিরীক ভাবে প্রতিবন্ধী মেয়ে। দীর্ঘদিন যাবত পায়ের হাড়ের সমস্যাজনিত রোগে অসুস্থ হয়ে পঙ্গু অবস্থায় চিকিৎসাধীন রয়েছে। অপারেশন খরচ ও অপারেশন পরবর্তি চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। লোকটি দরীদ্র অসহায় মর্মে আর্থিক সহযোগীতার জন্য তিনি অনুরোধ জানান। | মোঃ রেজওয়ান প্রাং, পিতা- ইউনুস আলী প্রাং, গ্রাম- মানিকদিপা, ইউপি- আড়িয়া, শাজাহানপুর বগুড়ার মেয়ের চিকিৎসার জন্য আর্থিক অনুদান হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক অনুদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |

১৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয়:

| ক্র.ন. | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির সেপ্টেম্বর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৪,৩০০/- | |
| ০২ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর সেপ্টেম্বর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৩,৩০০/- | |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর দূর্গাপূজার উৎসব ভাতা বাবদ | ১৩,৭৫০/- | |
| ০৪ | উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত জ্বালানী গ্যাস ও অকটেনের বিল বাবদ | ৪৯,৯০০/- | |
| ০৫ | উপজেলা পরিষদের আগস্ট/২১ ও সেপ্টেম্বর/২১ মাসের আপ্যায়ন ও আনুষাংগিক বিল বাবদ | ৮৫,৫১৮/- | |

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সোহরাব হোসেন
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.১৮- ৮৫৭ (৩৫)

তারিখ ঃ ০১ কার্তিক ১৪২৮ ব. / ১৭ অক্টোবর ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, বগুড়া
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭। উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮। ..........................................................................
০৯। অফিস নথি

আসিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
ফোন ঃ ০৫১-৮২৪০০ (অফিস)